মেহেরপুরে সাবেক রাষ্ট্রপতি হুসেইন মুহম্মদ এরশাদের মৃত্যুবার্ষিকী পালিত

মেহেরপুরে সাবেক রাষ্ট্রপতি ও জাতীয় পার্টির প্রতিষ্ঠাতা চেয়ারম্যান হুসেইন মুহম্মদ এরশাদ এর ৩য় তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়েছে।

বৃহস্পতিবার বিকেল ৫টার দিকে কাথুলী বাসস্ট্যান্ডে মেহেরপুর জেলা জাতীয় পার্টির প্রধান কার্যালয়ে এ আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

মেহেরপুর জেলা জাতীয় পার্টির সদস্য সচিব সুমন পারভেজের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, জেলা জাতীয় পার্টির আহ্বায়ক আব্দুল হাদী।

পৌর জাতীয় পার্টির সদস্য সচিব হামিদুল ইসলামের সার্বিক পরিচালনায় সম্মানিত অতিথি হিসেবে বক্তব্য রাখেন, জাতীয় পার্টি কেন্দ্রীয় কমিটির সদস্য মর্তুজা আলম বুলবুল, প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন, পৌর জাতীয় পার্টির আহ্বায়ক আব্দুল মান্নান।

এ সময় নেতৃবৃন্দ বলেন, হুসেইন মুহাম্মদ এরশাদের আদর্শ অনুযায়ী তারা কাজ করছেন আগামীতেও কাজ করে যাবেন।

এছাড়াও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, সদর উপজেলা জাতীয় পার্টির ভারপ্রাপ্ত সভাপতি খিলাফত আলী, সাধারণ সম্পাদক আব্দুর রশিদ, সাংগঠনিক সম্পাদক মিঠু আহম্মেদ,জেলা জাতীয় পার্টির সদস্য নজরুল ইসলাম, আনছারুল ইসলাম ও অন্যান্য নেতৃবৃন্দ।

পরে হুসেইন মুহম্মদ এরশাদের আত্মার মাফিরাত কামনা করে দোয়া ও মোনাজাতের আয়োজন করা হয়। দোয়া ও মোনাজাত শেষে উপস্থিত মুসল্লিদের মাঝে তবারক বিতরণ করা হয়।

মেহেরপুরে নৌকার প্রার্থীর পক্ষে মাঠে নামলেন জেলা জাতীয় পার্টির নেতৃবৃন্দ

কেন্দ্রীয় জাতীয় পার্টির কোনো নির্দেশনা নেই। জাতীয় পার্টির মেয়র প্রার্থী না থাকায় স্থানীয় জাতীয় পার্টির নেতৃবৃন্দ আওয়ামী লীগ মনোনীত প্রার্থী মাহফুজুর রহমান রিটনের পক্ষে ভোটের প্রচারণায় নেমেছেন।

আজ শনিবার দিনব্যাপি জাতীয় পার্টির নেতৃবৃন্দ মেহেরপুর পৌর সভার বিভিন্ন ওয়ার্ডে মাহফুজুর রহমান রিটনের নৌকা প্রতিকের পক্ষে গণ সংযোগ চালিয়েছেন। গণসংযোগ শেষে ৭ নং ওয়ার্ডের নৌকার নির্বাচনী অফিসের সামনে পথসভা করেছেন।

পথ সভায় বক্তব্য রাখেন জেলা জাতীয় পার্টির আহবায়ক আব্দুল হাদী, সদস্য সচীব সুমন পারভেজ, মেহেরপুর পৌর জাতীয় পার্টির সভাপতি আব্দুল মান্নান, সাধারণ সম্পাদক হামিদুল ইসলাম, ধর্ম বিষয়ক সম্পাদক হাসানুজ্জামান, ৪ নং ওয়ার্ড জাতীয় পার্টির সভাপতি মইনুল ইসলাম মধু, ৬ নং ওয়ার্ড জাতীয় পার্টির সভাপতি আবু জাফরসহ স্থানীয় নেতৃবৃন্দ।

বক্তারা বলেন, মেহেরপুর পৌর সভা নির্বাচনে জাতীয় পার্টি কোনো প্রার্থী মনোনয়ন দেইনি। তাই স্থানীয় জাতীয় পার্টির সিদ্ধান্ত মোতাবেক আমরা একজন যোগ্য ও সৎ প্রার্থীর পক্ষে অবস্থান নিয়ে আওয়ামী লীগের দলীয় প্রার্থীর পক্ষে নিয়েছি। আমরা এও সিদ্ধান্ত নিয়েছি জাতীয় পার্টি রিটনের পক্ষে থেকে নির্বাচন করবে। জাতীয় পার্টির কর্মী সমর্থক ও ভোটারদের নৌকার প্রার্থী মাহফুজুর রহমান রিটনের পক্ষে থাকার আহবান জানান তারা।

মেহেরপুরের সাবেক উপজেলা চেয়ারম্যান পালু অসুস্থ

মেহেরপুর সদর উপজেলার প্রথম চেয়ারম্যান ও জেলা জাতীয় পার্টির সাবেক সভাপতি খন্দকার আমিরুল ইসলাম পালু (৭৮) অসুস্থ হয়ে রাজধানীর বারডেম হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

তিনি ডায়োবেটিস, কিডনির জটিল রোগে ভুগছেন। গত দুই সপ্তাহ ধরে তিনি মেহেরপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন। অবস্থা গুরতর হওয়ায় গত মঙ্গলবার চিকিৎসক তাঁকে বারডেম হাসপাতালে রেফার্ড করেন। এর আগে তিনি শহরের তাঁতীপাড়ার নিজ বাসভবনে অসুস্থ অবস্থায় দিন যাপন করছিলেন।

খন্দকার আমিরুল ইসলাম পালু মেহেরপুর পৌরসভার কমিশনার নির্বাচিত হয়েছিলেন। পরে তিনি পৌরসভার চেয়ারম্যানও নির্বাচিত হন।

খন্দকার আমিরুল ইসলাম পালুর ভাতিজা রাজন খন্দকার জানান, এই বর্ষিয়ান রাজনীতিবীদ বর্তমানে ক্রনিক সিওপিডি রোগে ভুগছেন। তার সুস্থতার জন্য পরিবারের পক্ষ থেকে মেহেরপুরবাসীর কাছে দোয়া চেয়েছেন।

পৌর জাতীয় পার্টির দ্বি-বার্ষিক সম্মেলন উপলক্ষে আলোচনা সভা

মেহেরপুর পৌর জাতীয় পার্টির দ্বি-বার্ষিক সম্মেলন-২০২১ উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল সোমবার বেলা ১১টার সময় জাতীয় পার্টির প্রধান কার্যালয় কাথুলী বাসস্ট্যান্ডে পৌর জাতীয় পার্টির দ্বি-বার্ষিক সম্মেলনের আয়োজন করা হয়। মেহেরপুর জেলা জাতীয় পার্টির যুগ্ম আহ্বায়ক মোঃ সুমন পারভেজ এর সভাপতিত্বে

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা জাতীয় পার্টি সদস্য সচিব আব্দুল হাদী। সম্মমানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা জাতীয় পার্টির সদস্য মোঃ কিতাব আলী মাস্টার,বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা জাতীয় পার্টির সভাপতি মোঃ বাবুল হোসেন, মুজিবনগর উপজেলা জাতীয় পার্টির সভাপতি মোঃ আরিফ বিল্লাহ, সদর উপজেলা জাতীয় পার্টির সাধারণ সম্পাদক মোঃ আব্দুর রশিদ, মুজিবনগর উপজেলা জাতীয় পার্টির সাধারণ সম্পাদক ফারুকুজ্জামান মল্লিক, সদর উপজেলা জাতীয় পার্টির সাংগঠনিক সম্পাদক মোঃ মিঠু আহম্মেদ, গাংনী উপজেলা জাতীয় পার্টির সাংগঠনিক সম্পাদক রুহুল আমিন, মেহেরপুর জেলা জাতীয় পার্টির সদস্য মোঃ হাবিবুর রহমান, গাংনী পৌর জাতীয় পার্টির আহবায়ক আব্দুল্লাহ আল মামুন, গাংনী পৌর জাতীয় পার্টির সদস্য সচিব সাইফুল ইসলাম, মেহেরপুর জেলা জাতীয় পার্টির সদস্য সেলিম রেজা সহ বিভিন্ন নেতা কর্মীরা উপস্থিত ছিলেন। এ সময় মেহেরপুর পৌর জাতীয় পার্টির ৫১ সদস্য বিশিষ্ট কমেটি গঠন করা হয়। পৌর জাতীয় পার্টির আহবায়ক আব্দুল মান্নান, যুগ্ম আহবায়ক ইনসান আলী ও মোঃ সাহাবুদ্দিন এবং হামিদুল ইসলামকে সদস্য সচিব মনোনীত করা হয়েছে।

মেহেরপুরে জাতীয় পার্টির জরুরী আলোচনা সভা ও ঈদ পূর্ণমিলনী

মঙ্গলবার বেলা ১১টার সময় জাতীয় পার্টির প্রধান কার্যালয় কাথুলী বাসস্ট্যান্ডে জাতীয় পার্টির জরুরী আলোচনা সভা ও ঈদ পূর্ণমিলনী অনুষ্ঠানের আয়োজন করা হয়।
মেহেরপুর জেলা জাতীয় পার্টির যুগ্ম আহ্বায়ক মোঃ সুমন পারভেজ এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আব্দুল হাদী সদস্য সচিব মেহেরপুর জেলা জাতীয় পার্টি। প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন আব্দুল মান্নান সদস্য মেহেরপুর জেলা জাতীয় পার্টি।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মোঃ বাবুল হোসেন সভাপতি গাংনী উপজেলা জাতীয় পার্টি, মোঃ আরিফ বিল্লাহ সভাপতি মুজিবনগর উপজেলা জাতীয় পার্টি, মোঃ আব্দুর রশিদ সাধারণ সম্পাদক সদর

উপজেলা জাতীয় পার্টি, জান মোহাম্মদ মিন্টু সাধারণ সম্পাদক গাংনী উপজেলা জাতীয় পার্টি, ফারুক মল্লিক সাধারণ সম্পাদক মুজিবনগর উপজেলা জাতীয় পার্টি, মোঃ মিঠু সাংগঠনিক সম্পাদক সদর উপজেলা জাতীয় পার্টি, মোঃ রুহুল সাংগঠনিক সম্পাদক গাংনী উপজেলা জাতীয় পার্টি, মোঃ কিতাব আলী মাস্টার সদস্য মেহেরপুর জেলা জাতীয় পার্টি, মোঃ আব্দুল হামিদ সদস্য মেহেরপুর জেলা জাতীয় পার্টি, মোঃ কামরুল ইসলাম সদস্য মেহেরপুর জেলা জাতীয় পার্টি, মোঃ কুতুব উদ্দিন সদস্য মেহেরপুর জেলা জাতীয় পার্টি, মোঃ নজরুল ইসলাম সদস্য মেহেরপুর জেলা জাতীয় পার্টি, মোঃ হাবিবুর রহমান সদস্য মেহেরপুর জেলা জাতীয় পার্টি।

এই অনুষ্ঠানের সার্বিক পরিচালনায় মোঃ হামিদুল ইসলাম পৌর সাধারণ সম্পাদক মেহেরপুর জেলা জাতীয় পার্টি।

ঝিনাইদহে জাতীয় পার্টির পৌর সম্মেলন

গতকাল শনিবার সকাল ১১টার দিকে ঝিনাইদহ প্রেস ক্লাব মিলনাতয়নে বাংলাদেশ জাতীয় পার্টির পৌর সম্মেলন অনুষ্ঠিত হয়। উক্ত সম্মেলনে যোগদানের উদ্দেশ্যে সকাল থেকেই নেতা কর্মীরা প্রেস ক্লাবের সামনে উপস্থিত হতে শুরু করে।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় পার্টির কেন্দ্রীয় কমিটির সাহিত্য বিষয়ক সম্পাদক সুমন আশরাফ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাবু বিষ্ণুপদ রায়, রাশেদ মজমাদার আহবায়ক সম্মেলন প্রস্তুত কমিটি, জয়নাল আবেদিন, শামীম আজাদ, অরবিন্দু বিশ্বাস, এড. সদর উদ্দীন ও ড.মিলন প্রমুখ।

সম্মেলনে বক্তারা দেশের উন্নয়ন এর বিভিন্ন কার্যক্রম এর চিত্র তুলে ধরে বলেন দেশে জাতীয় পার্টি এখন প্রধান বিরোধী দল। এমন এক দিন আর বেশি দূরে নয় যেদিন জাতীয় পার্টি বাংলাদেশে সরকার গঠন করবে।

পৌরসভা থেকে আগত সকল নেতা কর্মীদের উদ্দেশ্য করে বক্তারা বলেন আপনারা সকলে মন প্রাণ দিয়ে দলের পরিধি আরো বাড়িয়ে তুলবেন যেন সামনের দিনে জাতীয় পার্টি সরকার গঠন করতে পারে।

এছাড়াও সম্মেলন থেকে পৌর জাতীয় পার্টির কমিটিতে সভাপতি রাকিবুল ইসলাম মুন্না এবং সম্পাদক হিসেবে মাসুমসহ নয়ঠি ওয়ার্ডের কমিটির নেতা কর্মীদের নাম ঘোষণা করা হয়।

মেহেরপুরসহ বিভিন্ন স্থানে জাতীয় পার্টির ৩৬তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন

মেহেরপুরে জাতীয় পার্টির ৩৬তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মহাফিল অনুষ্টিত হয়।

গতকাল শুক্রবার বিকালে মেহেরপুর জেলা জাতীয় পার্টির সদস্য কেন্দ্রীয় নির্বাহী কমিটির আহবায়ক সাইফুল ইসলাম সেলিম এর সভাপতিত্বে প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন জেলা জাতিয় পার্টির সদস্য সচিব আব্দুল হাদী।

এসময় আরও উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা জাতীয় পার্টির সাধারাণ সম্পাদক হাবীব, জেলা জাতীয় পার্টির যুগ্ম-আহবায়ক সুমন পারভেজসহ জেলা জাতীয় পার্টির সদস্য সেলিম রহমান, হামিদুল ইসলাম, মোহাম্মদ মিঠু, আব্দুল রাজ্জাক, কুতুব উদ্দীন, মান্নান, আব্দুল বাকি, মোসলেম আলী, বাবলু, হাবিবুর রহমান হাবিব, আরীফ বিল্লাহ, বারেক আলী প্রমুখ।

দামুড়হুদা প্রতিনিধি জানান, দামুড়হুদায় জাতীয় পাটির ৩৫তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার বিকেল ৩টার দিকে দামুড়হুদা উপজেলা সদরের বাসস্ট্যান্ডে অবস্থিত কেরু অফিসে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা সদর ইউনিয়ন জাতীয় পাটির সভাপতি আশরাফ মল্লিকের

সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন, উপজেলা জাতীয় পাটির সভাপতি শহিদুল আলম, বিশেষ অতিথি ছিলেন দর্শনা পৌর শাখার সভাপতি নুরুজ্জামান, দামুড়হুদা উপজেলা কমিটির সাংগঠনিক সম্পাদক সহিদ আজম সদু, দামুড়হুদা সদর ইউনিয়ন শাখার সাধারণ সম্পাদক আমিরুল ইসলাম, আশাদুল, আকবার আলি, মাহাবুব প্রমুখ।

মেহেরপুরে মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষে জাতীয় পার্টির প্রস্তুতি সভা

মেহেরপুরে জাতীয় পার্টির উদ্যোগে ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষে প্রস্তুতি সভার আয়োজন করা হয়েছে।

গতকাল সোমবার বিকালে মেহেরপুরের কাথুলী বাজারে মেহেরপুর জেলা জাতীয় পার্টির আহবায়ক সাইফুল ইসলামের নেতৃত্বে এই আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এ সময় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, জেলা জাতীয় পার্টির সদস্য সচিব আব্দুল হাদী, জেলা জাতীয় পার্টির যুগ্ম আহবায়ক সুমন পারভেজ সহ জেলা জাতীয় পার্টির সদস্য সেলিম রহমান, হামিদুল ইসলাম, মোহাম্মদ মিঠু, আব্দুল রাজ্জাক, কুতুব উদ্দীন, মান্নান, আব্দুল বাকি, মোসলেম আলী, বাবলু, হাবিবুর রহমান হাবিব, আরীফ বিল্লাহ,বারেক আলী প্রমুখ।

সুশাসন প্রতিষ্ঠাই জাতীয়

পার্টির লক্ষ্য: জি এম কাদের

জাতীয় পার্টি চেয়ারম্যান ও বিরোধী দলীয় উপনেতা গোলাম মোহাম্মদ কাদের এমপি বলেছেন, পল্লীবন্ধু হুসেইন মুহম্মদ এরশাদ আজীবন প্রকৃত গণতন্ত্র প্রতিষ্ঠায় কাজ করেছেন। পল্লীবন্ধু উপজেলা পরিষদ প্রতিষ্ঠা করে নির্বাচিত প্রতিনিধিদের অধীনে প্রথম শ্রেণীর কর্মকর্তাদের নিয়োগ দিয়ে গণমানুষের আশা-আকাঙ্ক্ষার প্রতিফলন ঘটিয়েছিলেন। আমরা পল্লীবন্ধুর আদর্শে উজ্জীবিত হয়ে দুর্নীতি, দুঃশাসন ও বেকারত্ব মুক্ত নতুন বাংলাদেশ গড়ে তুলবো। সামাজিক ন্যায়বিচার ও সকল পর্যায়ে সুশাসন প্রতিষ্ঠাই জাতীয় পার্টির লক্ষ্য।

জাতীয় পার্টি চেয়ারম্যান গোলাম মোহাম্মদ কাদের আজ শনিবার বেলা ১১টায় রাজধানীর চকবাজার এলাকার ইসলামবাগ ঈদগাহ মাঠে পল্লীবন্ধুর প্রথম মৃত্যুবার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত স্মরণসভা ও দুঃস্থদের মাঝে খাবার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন।

জাতীয় যুব সংহতি নেতা রফিকুল আলম প্রধানের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় উপস্থিত ছিলেন জাতীয় পার্টির প্রেসিডিয়াম সদস্য মীর আব্দুস সবুর আসুদ, হাজী সাইফুদ্দিন মিলন, আলমগীর সিকদার লোটন, চেয়ারম্যানের উপদেষ্টা মনিরুল ইসলাম মিলন, যুগ্ম মহাসচিব ফকরুল আহসান শাহজাদা, প্রচার সম্পাদক মাসুদুর রহমান মাসুম,

তথ্য ও গবেষণা সম্পাদক জহিরুল ইসলাম মিন্টু, যুগ্ম-দফতর সম্পাদক মাহমুদ আলম, যুব সংহতি মহানগর দক্ষিণ এর আহ্বায়ক গাজী এম এ সালাম, যুবনেতা দেলোয়ার হোসেন রিপন, আব্দুল খালেক, ফরহাদ হোসেন, সোহান, ২৯ নং ওয়ার্ড কাউন্সিলর মো. জাহাঙ্গীর আলম বাবুল।

সূত্র- বিডি প্রতিদিন

মেপ্র/আরপি

মেহেরপুরে হুসাইন মোহাম্মদ এরশাদের ১ম মৃত্যুবার্ষিকী পালন

মেহেরপুরে জাতীয় পার্টির চেয়ারম্যান হুসাইন মোহাম্মদ এরশাদের মৃত্যুবার্ষিকী পালন করা হয়েছে।

গতকাল মঙ্গলবার সকাল ১১টার দিকে জাতীয় পার্টির জেলা কার্যালয়ে এ উপলক্ষে আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠিত হয়।

জেলা জাতীয় পার্টির সভাপতি আব্দুল হামিদের সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য রাখেন সিনিয়র সহ-সভাপতি মোসলেম আলী, সাংগঠনিক সম্পাদক আব্দুল মান্নান, প্রচার সম্পাদক মামলত হোসেন, সদর উপজেলা জাতীয় পার্টির সভাপতি মোঃ কুতুবউদ্দিন,সাধারণ সম্পাদক নজরুল ইসলাম,

মেহেরপুর পৌর জাতীয় পার্টির সভাপতি আব্দুর রাজ্জাক, সাধারণ সম্পাদক মখলেছুর রহমান, মুজিবনগর উপজেলা জাতীয় পার্টির সভাপতি কমারুল ইসলাম, সাধারণ সম্পাদক আব্দুল আজিজ, জেলা জাতীয় শ্রমিক পার্টির সভাপতি ইকবাল হোসেন, জেলা জাতীয় কৃষক পার্টির সভাপতি আব্দুল গফুর, জেলা জাতীয় পার্টির সদস্য আকছারুল ইসলাম প্রমুখ।

আলোচনা সভায় বক্তারা বলেন, আমাদের প্রাণপ্রিয় নেতা মরহুম হুসাইন মোহাম্মদ এরশাদ আজ আমাদের মাঝে নেই, কিন্তু তাঁর আদর্শ তাঁর সুচিন্তিত সফল রাজনীতি দেশবাসি মনে রেখেছে। এর কারন তিনি জনগণের জন্য কাজ করেছেন।

দোয়া মাহফিল পরিচালনা করেন মাওলানা মোহাম্মদ রফিকুল ইসলাম।